

বিনোদন

## তৌসিফ-মালাইকার প্রথম নাটক 'আমার রাজ্যে তুমি' আসছে শিগগিরই

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নাটকের জনপ্রিয় অভিনেতা তৌসিফ মাহবুবের বিপরীতে প্রথমবারের মতো অভিনয় করেছেন তরুণ অভিনেত্রী মালাইকা চৌধুরী। বড় বোন মেহজাবীন চৌধুরীর পথ ধরে শোবিজে এগোচ্ছেন তিনি। তাঁদের এই নতুন নাটকের নাম 'আমার রাজ্যে তুমি'।

ভালোবাসা, ভাগ্য ও সম্পর্কের টানাপোড়েন নিয়ে তৈরি হয়েছে নাটকের গল্প। এটি পরিচালনা করেছেন মাসরিকুল আলম। নাটকে তৌসিফ ও মালাইকার পাশাপাশি গুরুত্বপূর্ণ একটি চরিত্রে রয়েছেন কেয়া পায়েল।

নির্মাতা মাসরিকুল আলম জানান, গল্পটি এমন কিছু মানুষের, যারা একে অপরকে গভীরভাবে ভালোবাসে। কিন্তু ভুল সিদ্ধান্ত, সময় ও ভাগ্যের কাছে তারা হেরে যায়। সম্পর্কের জটিলতা ও তার প্রভাবই নাটকের মূল বিষয়।

নির্মাতার আশা, নাটকটি দেখার পর চরিত্রগুলো দর্শকের মনে দীর্ঘ দিন থাকবে। সম্পর্ক শেষ হওয়ার পর মানুষের ভেতরের অনুভূতির বিষয়টি তুলে ধরার চেষ্টা করা হয়েছে এখানে।

একই সুর অভিনেতা তৌসিফের কণ্ঠেও। তিনি জানান, চেনা পটভূমি হলেও গল্পের উপস্থাপনে ভিন্নতা রয়েছে। মালাইকা চৌধুরীর সঙ্গে নিজের প্রথম কাজ নিয়ে বেশ আশাবাদী এই অভিনেতা।

প্রযোজনা সংস্থা সূত্রে জানা গেছে, খুব শিগগিরই ক্যাপিটাল ড্রামার ইউটিউব চ্যানেলে নাটকটি মুক্তি পাবে।

### এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা  
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ঐশিকার নায়ক  
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারঢাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক  
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে। সহজে টাকা আয়ের রঙিন স্বপ্নে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত  
অভিনেত্রী আজমেদী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত করেকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/tousif-malaikar-prthm-natk-amar-rajje-tumi-aschhe-shiggiri>